

সব বিভাগে এআই কোর্স চালুর উদ্যোগ নিচ্ছি : খুবি উপাচার্য

খুলনা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



ছবি: কালের কণ্ঠ

বর্তমান বিশ্ব কৃত্রিম বুদ্ধিমত্তার মাধ্যমে দ্রুত এগিয়ে যাচ্ছে। তাই আমি বিশ্ববিদ্যালয়ের প্রতিটি ডিসিপ্লিনে এআই কোর্স চালুর উদ্যোগ নিচ্ছি। পাশাপাশি যেসব ডিসিপ্লিনে এখনো কম্পিউটার ল্যাব নেই, শিগগিরই বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে তা স্থাপন করা হবে।

শনিবার (১৮ অক্টোবর) দুপুরে খুলনা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিনের স্মার্ট ক্লাসরুমে ইনোভেশন ক্লাবের আয়োজিত 'ইনভেন্টাম ৪.০: এ সেমিনার অন ইনোভেশন উইথ এআই' অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. মো. রেজাউল করিম এসব কথা বলেন।

ইনোভেশন ক্লাবের সভাপতি চিরঞ্জিত পালের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. এস এম মাহবুবুর রহমান। কী-নোট স্পিকার হিসেবে ছিলেন প্রফেসর জি. এম. আতিকুর রহমান। এ ছাড়া প্রজেক্ট মূল্যায়নের বিচারক হিসেবে ছিলেন অ্যাসোসিয়েট প্রফেসর ইনামুল হক হিরা।

বক্তব্যকালে উপাচার্য একাডেমিক পাঠ্যক্রমের বাইরেও শিক্ষার্থীদের উদ্ভাবনী চিন্তাভাবনা ও নতুন কিছু করার মানসিকতা গড়ে তোলার ওপর গুরুত্ব আরোপ করেন।

সেমিনারের পাশাপাশি প্রথম বর্ষের শিক্ষার্থীদের জন্য দুটি প্রতিযোগিতার আয়োজন করা হয় ‘আইডিয়া হান্টিং’ এবং ‘আর্টিকেল রাইটিং’। প্রতিযোগিতায় মোট ৩০ জন অংশগ্রহণকারী অংশ নেন। এর মধ্যে দুই বিভাগে মোট ৬ জন বিজয়ীকে পুরস্কৃত করা হয়।

‘আইডিয়া হান্টিং’ প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জন করেন যথাক্রমে আব্দুল মুকিত সৌরভ, আফিফ হাসান এবং রুকাইয়া আফিয়া নেহা।

অন্যদিকে ‘আর্টিকেল রাইটিং’ প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় হয়েছেন যথাক্রমে রাজদীপ সরকার, জান্নাতুল ফেরদৌস মিতু এবং লর্ড বাইদ্যা পলাশ।

এ ছাড়া অনুষ্ঠানে ইউআইএইচপি প্রজেক্টের নির্বাচিত তিনটি টিম-জিন্স টু টোটস, অঙ্কুর ও বাজশিল্ড-কে সম্মাননা স্মারক প্রদান করা হয়।

